

অফিস  
স্বাক্ষর  
ইন/২০২৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.২০.০০১.২৩.৩৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

#### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর সামাজিক যোগাযোগ মাধ্যম সংক্রান্ত

এত দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম হিসেবে একটি ফেসবুক পেইজ এবং একটি ইউটিউব চ্যানেল অফিসিয়ালি পরিচালনা করা হয়।

ফেসবুক পেইজ এর লিংক: <https://www.facebook.com/dshe.moebd>

ইউটিউব চ্যানেল এর লিংক: <https://www.youtube.com/@dshe.bangladesh>

সর্বসাধারণকে প্রয়োজনীয় তথ্যের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট ([www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)) এবং অফিসিয়াল ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল দেখার জন্য অনুরোধ করা হলো। উক্ত পেইজ এবং ইউটিউব চ্যানেল মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯" অনুযায়ী নিয়ন্ত্রিত হয়।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর নাম এবং লোগো ব্যবহার করে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন ফেসবুক গ্রুপ, পেইজ এবং ইউটিউব চ্যানেলে খুলে কেউ কেউ কার্যক্রম পরিচালনা করছে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিসিয়াল পেইজ/গ্রুপ / চ্যানেল নয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে প্রতিনিধিত্ব করে না। এমতাবত্তায়, এধরনের কর্মকান্ড থেকে বিরত থাকা এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯" মেনে চলার জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রয়োজনে সরকারি নীতিমালা অনুযায়ী এধরনের কার্যক্রম পরিচালনাকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮-১১-২০২৩  
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী  
পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়;
- ৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল শিক্ষা প্রতিষ্ঠান);
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৫। উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৬। আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা);
- ৭। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা);
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল) এবং
- ৯। সহকারী প্রোগ্রামার (সকল জেলা)।

